

**B.A. Semester-V Examination, 2022-23****বাংলা | অনার্স |****Course ID : 50117 Course Code : AH/BNG/504/DSE-2****Course Title : কথাসাহিত্য****অথবা****নাট্যসাহিত্য**

সময় : ২ ঘন্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

**(কথাসাহিত্য)**

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ৫ = ১০$
- ক) ‘ঘরে-বাইরে’ উপন্যাসটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? উপন্যাসটির ইংরেজি অনুবাদ কে করেছিলেন?
- খ) ‘নির্মল তুমি, সুন্দর তুমি, বীর তুমি, নির্ভীক তুমি, তোমাকে প্রণাম’ — একথা কে কাকে বলেছে?
- গ) ‘এই বয়সেই সে যে কত বড় মাঝি, তখন তাহা বুঝি নি।’ — এই কথাটি কে কার সম্বন্ধে বলেছে?
- ঘ) শ্রীকান্তদের বাড়ির কোন্ দিকে আম কাঁঠালের বাগান ছিল? বাগানটির নাম কী?
- ঙ) মেঘনার মোহনার চারটি দ্বীপের নাম কী কী?
- চ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে কুবের ময়না দ্বীপে যেতে বাধ্য হয়েছিল কেন?

(পরের পাতায়)

ছ) ‘ধাত্রীদেবতা’ উপন্যাসটির প্রথম প্রকাশকাল লেখ। এই উপন্যাসটির পরিচ্ছেদ সংখ্যা কত?

জ) শিবনাথের বাবা ও পিসিমার নাম লেখো।

- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$
- ক) ‘প্রতিভা তর্ক করে না, সৃষ্টি করে’ — উক্তিটি কার? এর গুরুত্ব ব্যাখ্যা করো।
- খ) ‘বড় প্রেম শুধু কাছেই টানে না, ইহা দূরেও ঠেলিয়া ফেলে’ — উক্ত অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- গ) ‘আঁধার রাইতে আশমান জমিন ফারাক ...’ — গানটি ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের গতিপথকে কতখানি প্রভাবিত করেছে তা বুঝিয়ে দাও।
- ঘ) একপ্রান্তে অবক্ষয়িত জমিদারতন্ত্রের প্রতি দুর্বলতা, অন্যদিকে গান্ধীবাদী রাজনৈতিক আন্দোলনে বিশ্বাস ‘ধাত্রীদেবতা’ উপন্যাসে কীভাবে লেখকের অনুভূতিকে পরিচালিত করেছে তা যুক্তিসহ বোঝাও।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$
- ক) ‘ঘরে-বাইরে’ উপন্যাসটির শ্রেণিবিচার করো।
- খ) ‘শ্রীকান্ত’ উপন্যাসের প্রথম পর্ব অবলম্বনে শ্রীকান্ত ও ইন্দ্রনাথের বৈচিত্র্যময় সম্পর্ক সম্বন্ধে আলোচনা করো।
- গ) ‘বস্তুত কপিলার উদ্দাম প্রগলভতার দুর্জয় প্রহেলিকা সবই পদ্মানদী প্রতীম’ — এই উক্তিটির আলোকে কপিলা চরিত্রটি আলোচনা করো।
- ঘ) ‘ধাত্রীদেবতা’ উপন্যাসটির নামকরণের সার্থকতা বিচার করো।

(নাট্যসাহিত্য)

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ৫ = ১০$
- ক) ‘শর্মিষ্ঠা’ নাটকের কোন্ অঙ্কের কোন্ গর্ভাঙ্কে মঞ্চ প্রথম শর্মিষ্ঠার প্রবেশ ঘটে?
- খ) দেবযানী ও শর্মিষ্ঠার প্রিয় দাসীদের নাম লেখো।
- গ) নূরজাহানের প্রথম স্বামীর নাম কী? পাশ্চাত্য নাটকের কোন্ চরিত্রের সঙ্গে নূরজাহানের সব থেকে বেশি সাদৃশ্য লক্ষ্য করা যায়?
- ঘ) সম্রাট জাহাঙ্গীরকে কে বন্দী করেছিল? তার সঙ্গে মোট কত সৈন্য ছিল?
- ঙ) ‘নবান্ন’ নাটকটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয় এবং কোন্ রঙ্গমঞ্চে প্রথম অভিনীত হয়েছিল?
- চ) “এ পোড়া মাটির দেশ, আর থাকব না, চল ফিরে যাই।” — বক্তা কোথায় ফিরে যাওয়ার কথা বলতে চেয়েছে?
- ছ) ‘ব্যারিকেড’ নাটকের সাংবাদিক চরিত্রটির নাম কী? সে কোন্ সংবাদপত্রের সঙ্গে যুক্ত ছিল?
- জ) জার্মানির আইন সভার নাম কী? কারা তাতে আগুন ধরিয়ে দিয়েছিল বলে হিটলার তার সংলাপে দাবি করেছেন?
- ২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$
- ক) “শুক্রাচার্যের অন্ধ অপত্য স্নেহই ‘শর্মিষ্ঠা’ নাটকের ক্লাইমেক্স সৃষ্টির মূল চাবিকাঠি।”—সমালোচকের মন্তব্যটির যৌক্তিকতা কী লেখো।

- খ) ‘নূরজাহান’ নাটকের নাট্যদ্বন্দ্ব সমাপ্তিতে খুরম (সাজাহান) চরিত্রটির গুরুত্ব কতখানি তা সংক্ষেপে আলোচনা করো।
- গ) “ডর আছে, কিন্তু প্রধান, মন্ত্রস্তরের দাপটও তো গিয়েছে মাথার উপর দিয়ে, মরিনি তো সবাই আমরা। আমরা তো বেঁচেই আছি।” — বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।
- ঘ) “আমরা শ্রমিক, তাই আমাদের দেশ নেই, পৃথিবীটাই আমাদের দেশ।” — এই সংলাপটির নিরিখে শ্রমজীবী মানুষের যে আন্তর্জাতিকতাবোধের ছবিটি ফুটে উঠেছে, তা সংক্ষেপে আলোচনা করো।

- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$
- ক) “নাটকের নাম শর্মিষ্ঠার নামানুসারে করা হলেও প্রকৃতপক্ষে নাটকের নাম দেবযানীর নামানুসারে হওয়াই উচিত ছিল।” — মন্তব্যটি বিচার করো।
- খ) ঐতিহাসিক নাটক হিসাবে ‘নূরজাহান’ নাটকটির সার্থকতা আলোচনা করো।
- গ) “চরিত্র ও পরিবেশ উপযোগী সংলাপ রচনায় নাট্যকার বিজন ভট্টাচার্য অনেকটাই সফল হয়েছেন।” — ‘নবান্ন’ নাটক অবলম্বনে মন্তব্যটি বিচার করো।
- ঘ) “ব্যারিকেড’ নাটকের পটভূমির সঙ্গে নাটক রচনার সমকাল দারুণভাবে মিশে যায়।” — মন্তব্যটির আলোকে নাটকটির পটভূমির সঙ্গে নাটক রচনার সমকাল কীভাবে মিশে গেছে তা বিশদে আলোচনা করো।